গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০২.২০- ৩৫

তারিখ: ২৯ মাঘ ১৪৩০
১২ ফেব্রুয়ারি ২০২৪

**বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৫.০২.২০২৪ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে


১২/০২/২৪
(মুহাম্মদ ওয়াসিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৭৯৮৯
monitor@hsd.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (বাজেট/মানবসম্পদ/পার/পরিকল্পনা/ক্রয় ও সংগ্রহ-১/জনস্বাস্থ্য-২/সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. উপসচিব, নার্সিং সেবা-১, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. সিনিয়র সহকারী সচিব (এইচ আর-২/ প্রশাসন-২ /প্রশাসন-৪/প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৭. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য অধিদপ্তর/ ঔষধ প্রশাসন অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা
৮. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৯. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১০. ইনোভেশন অফিসার, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা
১১. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা
১২. সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ
১৩. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ
১৪. মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটের ইনোভেশন সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ।
তারিখ ও সময় : ৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ ও বেলা ২:০০ টা
স্থান : মিনি সভাকক্ষ (কক্ষ # ৩৩৮, ভবন # ৩)
আয়োজনে : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, ইনোভেশনের মাধ্যমে স্বাস্থ্যসেবা আরো সহজতরভাবে মানুষের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব। টেকসই উন্নয়ন অভীষ্টগুলোতে পৌঁছতে হলে মাঠ পর্যায়সহ দেশের সকল স্তরের প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব অপরিসীম। তিনি আরো জানান যে, মন্ত্রিপরিষদ কর্তৃক প্রণীত বার্ষিক ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগের কার্যক্রম গ্রহণ করতে হবে। তিনি ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ইনোভেশন টিমের কার্যপরিধি অনুসরণ করে যথাসময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলেন। সভাপতি ইনোভেশন টিমের সদস্য সচিব সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২. সভার আলোচ্য সূচি

ক) গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
খ) ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি
গ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের কর্মপরিকল্পনা প্রণয়ন।
ঘ) বিবিধ

০৩. সভায় নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনার বিষয় | সুপারিশ/ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **ক) ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়ন অগ্রগতি :** সভায় স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর চলতি বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ :**<br>[১.১.১] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন: সভায় ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ চলতি অর্থবছরে তাদের গৃহীত উদ্ভাবনী উদ্যোগগুলো সভায় মৌখিকভাবে উপস্থাপন করেন। সভাপতি উদ্ভাবনী উদ্যোগগুলোর বিষয়ে সুচারু মতামত প্রকাশ করেন। তিনি উদ্যোগগুলো সভার মতামতেরভিত্তিতে সংশোধনপূর্বক লিখিত আকারে প্রশাসন-৪ শাখায় প্রেরণ করতে অনুরোধ জানান। পরবর্তী সভায় উদ্যোগগুলোর উপর বিষদ আলোচনা করা হবে। তিনি প্রাপ্ত উদ্ভাবনী ধারণা হতে বাস্তবায়নযোগ্য ধারণাটি বাছাই করে পরবর্তী সভায়/ | ক) অধিদপ্তর/দপ্তর/সংস্থা তাদের উপস্থাপিত উদ্ভাবনী উদ্যোগগুলোকে সভার মতামতের ভিত্তিতে সংশোধনপূর্বক ধাপ ভিত্তিক লিখিত আকারে প্রশাসন-৪ শাখায় প্রেরণ করতে হবে। পরবর্তী সভায় উদ্যোগগুলোর উপর বিষদ আলোচনা (উপস্থাপন)করা হবে।<br><br>খ) বাস্তবায়নযোগ্য ধারণাটি বাছাই করে পরবর্তী সভায়/ওয়ার্কশপের মাধ্যমে বাস্তবায়নের জন্য করণীয় পদক্ষেপ/ রোডম্যাপ করা হবে।<br><br>গ) স্বাস্থ্য সেবা বিভাগের আইটি সেলকে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল শাখা অধিশাখা/ প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | ওয়ার্কশপের মাধ্যমে বাস্তবায়নের জন্য করোনীয় পদক্ষেপ/রোডম্যাপ আলোচনা করা যেতে পারে মর্মে জানান। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের আইটি সেলকে পুনরায় একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | | |
| | [১.২.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখা: সিনিয়র সচিব (প্রশাসন-৪) সভাকে অবহিত করেন যে, স্বাস্থ্য সেবা বিভাগের ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত ৫টি সেবার মধ্যে ৩টি চালু রয়েছে। সফট্ওয়ারগত কারণে বন্ধ সেবা ২টি চালুর জন্য প্রশাসন-২ শাখা হতে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ডাটাবেজ হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ঘ) ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখতে।<br><br>ঙ) স্বাস্থ্য সেবা বিভাগের সফট্ওয়ারগত কারণে বন্ধ সেবা ২টি চালুর জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| | [১.৩] ইনোভেশন শোকেজিংঃ স্বাস্থ্য সেবা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসসমূহের অংশগ্রহণে ২৩.০৫.২০২৪ তারিখের পূর্বে ন্যুনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনপূর্বক শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করতে হবে মর্মে সভাকে অবগত করা হয়। সভাপতি কর্মপরিকল্পনার সূচক মোতাবেক নির্ধারিত সময়ের পূর্বে শোকেসিং আয়োজনের জন্য এখন থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলেন। | চ) কর্মপরিকল্পনার সূচক মোতাবেক নির্ধারিত সময়ের পূর্বে শোকেসিং আয়োজনের জন্য এখন থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| | [১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি: ই-নথির ব্যবহার বৃদ্ধিকরণের বিষয়ে বিষদ আলোচনা করা হয়। সভাপতি কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক ই-ফাইলিংয়ে নথি নিষ্পত্তির হার ৮৫% করতে স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরকে সচেষ্ট হতে বলেন। তিনি প্রমাপ অর্জনে ব্যর্থদের প্রয়োজনে কারণ দর্শানোর নোটিশ দিতে বলেন। এছাড়া, তিনি সকল অধিদপ্তর/দপ্তরের সাথে পৃথক পৃথক সভা করে ই-নথিতে নিষ্পত্তির হার বৃদ্ধির উপায় বের করতে নির্দেশনা প্রদান করেন। | ছ) কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক ই-ফাইলিংয়ে নথি নিষ্পত্তির হার ৮৫% করতে স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরকে সচেষ্ট হতে হবে।<br>জ) প্রমাপ অর্জনে ব্যর্থদের কারণ দর্শানোর নোটিশ দিতে হবে। | |
| | [১.৫.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিতঃ চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ৪টি কর্মশালা আয়োজন করতে হবে। ইতোমধ্যে গত ২৬ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে ১ম কর্মশালার আয়োজন করা হয়েছে। আগামী ফেব্রুয়ারি/২০২৪ মাসে ২য় কর্মশালাটির আয়োজন করতে হবে। | ঞ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২য় কর্মশালাটি ফেব্রুয়ারি, ২০২৪ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | |
| | [১.৫.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃতঃ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা ২৫.০৩.২০২৪ তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে। সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-৪) সভাকে জানান যে, এবিষয়ে একটি প্রাথমিক খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তিনি প্রাথমিক খসড়া পরিকল্পনাটি উপস্থাপন করে সভার সদস্যদের মতামত আহবান করেন। সভাপতি ইনোভেশন টিমের সদস্যদের মতামত সমন্বয় করে খসড়া কর্মপরিকল্পনাটি তৈরি করতে বলেন। তিনি খসড়াটি সচিব মহোদয়ের মতামত ও অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত করার পরামর্শ দেন এবং ওযেবসাইটে আপলোড করতে বলেন। | ট) ইনোভেশন টিমের সদস্যদের মতামত সমন্বয় করে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনাটির খসড়া সচিব মহোদয়ের মতামত ও অনুমোদন সাপেক্ষে চূড়ান্তকরণপূর্বক ২৫.০৩.২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | **[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি**<br>[২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ ও [২.১.২] আওতাধীন দপ্তর /সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণঃ<br>তথ্য বাতায়ন হালনাগাদকরণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়নের প্রতিবেদন তৈরি করতে এবং কোন তথ্য আপলোড করার সাথে সাথে স্ক্রিনশট নিতে বলেন। সেই সাথে তিনি বিভিন্ন সেবা বক্সের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট এবং আপিলকারী কর্তৃপক্ষের নাম, মোবাইল নং ও ই-মেইল অ্যাড্রেস হালনাগাদ করতে পরামর্শ দেন। এছাড়া, তিনি বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে বলেন।<br>সভাপতি তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ করার উপর জোর দেন। তিনি ওয়েবসাইটে তথ্য প্রকাশের জন্য একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে বলেন। | ক) ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়নের প্রতিবেদন তৈরি এবং কোন তথ্য আপলোড করার সাথে সাথে স্ক্রিনশট নিতে হবে।<br>খ) সেবা বক্সের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট এবং আপিলকারী কর্তৃপক্ষের নাম, মোবাইল নং ও ই-মেইল এড্রেস হালনাগাদ করতে হবে।<br>গ) বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।<br>ঘ) ওয়েবসাইটে তথ্য প্রকাশের জন্য একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে হবে। | প্রশাসন-৪/ কম্পিউটা সেল |
| | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিতঃ সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তরকে ফেব্রুয়ারি/২০২৪ মাসের মধ্যে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে বলেন। | ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তরকে ফেব্রুয়ারি/২০২৪ মাসের মধ্যে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | |
| | [২.২.২] আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতঃ<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা নির্ধারিত তারিখের মধ্যে তাদের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করেছে মর্মে জানান। গত ৩১.০১.২০২৪ তারিখের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | | |
| | [২.২.৩] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন অনুষ্ঠিতঃ<br>সভাপতি কর্মপরিকল্পনা মোতাবেক ২৮.০২.২০২৪ তারিখের মধ্যে কর্মসংশ্লিষ্ট একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন করতে নির্দেশনা প্রদান করেন। | চ) কর্মপরিকল্পনা মোতাবেক ২৮.০২.২০২৪ তারিখের মধ্যে কর্মসংশ্লিষ্ট একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন করতে হবে। | |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় গৃহিত সিদ্ধান্ত এবং করণীয় বিষয়গুলি যথাসময়ে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাইদুর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ